গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কছ ৮৫২৪১২৩

নিবন্ধনের মাধ্যমে তথ্য-উপাত্ত যাচাইয়ের দ্বিপাক্ষিক চুক্তিপত্র

নিবন্ধনের মাধ্যমে তথ্য-উপাত্ত যাচাই বিষয়ে অত্র চুক্তি সম্পাদনকারী পক্ষদ্বয় নিম্নরূপঃ

প্রথম পক্ষঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮ অনুচ্ছেদের অধীন প্রতিষ্ঠিত "নির্বাচন কমিশন বাংলাদেশ" (অতঃপর 'কমিশন' বলিয়া উল্লিখিত)

এবং

দ্বিতীয় পক্ষঃ ডাক, টেলিফোন ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন "ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয়" (অতঃপর 'দ্বিতীয় পক্ষ' বলিয়া উল্লিখিত)

প্রস্তাবনা

যেহেতু "জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০" (অতঃপর 'আইন' বলিয়া উল্লিখিত) এর ধারা ৬ অনুসারে কমিশন জাতীয় পরিচয় নিবন্ধন কার্যক্রম পরিচালনা, জাতীয় পরিচয়পত্র প্রস্তুতকরণ, বিতরণ ও রক্ষণাবেক্ষণসহ আনুষঙ্গিক সকল দায়িত্ব পালনের জন্য ক্ষমতাপ্রাপ্ত;

যেহেতু কমিশন কর্তৃক নিবন্ধিত নাগরিকগণের জাতীয় পরিচয়পত্রসমূহের বিপরীতে সংরক্ষিত তথ্য-উপাত্ত সম্বলিত একটি ডাটাবেইজ প্রস্তুত করা হইয়াছে;

যেহেতু দ্বিতীয় পক্ষের নিজস্ব কাজের সুবিধার জন্য কোন ব্যক্তি কর্তৃক প্রদর্শিত জাতীয় পরিচয়পত্র বা দাখিলকৃত জাতীয় পরিচয়পত্রের অনুলিপির সঠিকতা যাচাই করিবার জন্য কমিশন কর্তৃক প্রস্তুতকৃত ডাটাবেইজে প্রবেশাধিকারের প্রয়োজনীয়তা দেখা দিয়াছে;

যেহেতু "জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪" এর প্রবিধান ৫ অনুসারে দ্বিতীয় পক্ষ কর্তৃক নিবন্ধনের মাধ্যমে তথ্য যাচাইয়ের উদ্দেশ্যে দাখিলকৃত আবেদন কমিশন কর্তৃক মঞ্জুর হইয়াছে;

যেহেতু দ্বিতীয় পক্ষ কর্তৃক "জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪" এর প্রবিধান ৫(৩) এবং ১১(১) এর ক্রমিক নং ৩ এর দফা (ক) ও (খ) অনুসারে এককালীন নিবন্ধন চার্জ টাকা ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ), ০৫ (পাঁচ) টি সাবইউজারের জন্য প্রথম বৎসরের বার্ষিক সাবইউজার চার্জ টাকা ২০,০০০.০০ (বিশ হাজার) ও মূল্য সংযোজন কর বাবদ টাকা ৭৮,০০০.০০ (আটাত্তর হাজার) পরিশোধ করা হইয়াছে;

সেহেতু নিম্ন বর্ণিত অনুচ্ছেদসমূহে উল্লিখিত শর্তাবলী অনুসারে কমিশন ও দ্বিতীয় পক্ষের মধ্যে অদ্য খ্রিস্টীয় ২০১৬ সালের ফেব্রুয়ারি মাসের ০৪ তারিখে অত্র চুক্তিপত্র সম্পাদিত হইলঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কজ ৮৩৩০৬৪৬

২৫

"অনুচ্ছেদ ও শর্তাবলী"

অনুচ্ছেদ ১: লিংক স্থাপন ও ডাটাবেইজে প্রবেশ সংক্রান্ত।-

(ক) দ্বিতীয় পক্ষ জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত তথ্যাদি যাচাইয়ের জন্য কমিশনের ডাটাবেইজের সহিত সংযোগ স্থাপন করিতে পারিবে। এতদুদ্দেশ্যে দ্বিতীয় পক্ষ নিজ ব্যয় ও দায়িত্বে Dedicated Optical Fiber Link ও প্রয়োজনীয় আইসিটি সরঞ্জাম স্থাপন করিবে।

(খ) কমিশনের ডাটাবেইজে প্রবেশাধিকার প্রাপ্তির জন্য দ্বিতীয় পক্ষকে অত্র চুক্তিপত্র স্বাক্ষরের পর কমিশনের সহিত যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করিতে হইবে।

(গ) দ্বিতীয় পক্ষ কর্তৃক প্রবেশাধিকার প্রাপ্তির পর কমিশন কর্তৃক নির্ধারিত ইউনিভার্সেল রিসোর্স লোকেটর (URL)-এ লগ-ইন (log-in) করিয়া নিবন্ধিত নাগরিকগণের জাতীয় পরিচিতি নম্বর ও জন্ম তারিখ ব্যবহার করিয়া নিম্নের তথ্যাদির সঠিকতা জানিতে পারিবেঃ

১. নাম (বাংলা ও ইংরেজি);
২. পিতার নাম;
৩. মাতার নাম;
৪. স্বামী/স্ত্রীর নাম;
৫. জন্ম তারিখ;
৬. পেশা;
৭. রক্তের গ্রুপ;
৮. ঠিকানা (বর্তমান ও স্থায়ী);
৯. ছবি এবং
১০. স্বাক্ষর/টিপসহি।

উল্লেখ্য যে, দ্বিতীয় পক্ষ শুধু উক্ত তথ্যাদির সঠিকতা যাচাই করিতে পারিবে, তবে কোনো তথ্য সংরক্ষণ করিতে পারিবেনা।

(ঘ) দ্বিতীয় পক্ষ কর্তৃক কমিশন অনুমোদিত আইপি এড্রেস (IP Address) এর বাহিরে জাতীয় পরিচয়পত্রের তথ্যের সঠিকতা যাচাই করা যাইবে না। দ্বিতীয় পক্ষ কর্তৃক আইপি এড্রেস পরিবর্তন করিতে চাহিলে কমিশনকে লিখিতভাবে অবহিত করিবার পর পরিবর্তন করা যাইবে। দ্বিতীয় পক্ষকে নিজস্ব Dedicated Optical Fiber Link সহ সকল আইসিটি সরঞ্জামের কার্যকারিতা ও নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে।

(ঙ) ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রাপ্তির পর উহা ব্যবহার করিয়া দ্বিতীয় পক্ষ কমিশনের ডাটাবেইজে প্রবেশ করিতে পারিবে। নিরাপত্তার স্বার্থে দ্বিতীয় পক্ষ উক্ত পাসওয়ার্ড পরিবর্তন করিতে পারিবে। দ্বিতীয় পক্ষের ইউজার আইডি ও পাসওয়ার্ড এর কোন অবৈধ বা বেআইনি ব্যবহার গোচরীভূত হইলে কিংবা এই ব্যাপারে কোন সন্দেহের উদ্রেক হইলে, দ্বিতীয় পক্ষ অতি দ্রুত কমিশনকে তাহা অবহিত করিবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কজ ৯৭৯৩৫৯৫

অনুচ্ছেদ ২: কমিশনের তথ্য-উপাত্তের গোপনীয়তা।-

(ক) দ্বিতীয় পক্ষ কমিশনের তথ্য-উপাত্ত কোন অবস্থাতেই অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর, বিনিময়, বিক্রয় কিংবা অন্য কোন পন্থায় প্রদান করিতে পারিবে না।

(খ) দ্বিতীয় পক্ষ কর্তৃক কোন নাগরিক সম্পর্কিত তথ্য-উপাত্তের গোপনীয়তা লঙ্ঘন বা অন্যবিধ বেআইনি ব্যবহারের জন্য কমিশন দায়ী থাকিবে না এবং এইরূপ গোপনীয়তা লঙ্ঘন বা বেআইনি ব্যবহারের কারণে কোন আইনগত কার্যধারার উদ্ভব হইলে, কমিশন ও কমিশন সংশ্লিষ্ট যে কোন ব্যক্তি দায়মুক্ত থাকিবে। এইরূপ ক্ষেত্রে কমিশন দায়ী ব্যক্তির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণ করিবে।

অনুচ্ছেদ ৩: সার্ভিস চার্জ সংক্রান্ত।-

(ক) দ্বিতীয় পক্ষ কর্তৃক জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪ এর প্রবিধান ১১(১) এর চার্টের ক্রমিক নং ৩ অনুসারে সার্ভিস চার্জ প্রদেয় হইবে। উল্লেখ্য যে, বিধানানুসারে অত্র চুক্তিপত্রের প্রস্তাবনার পঞ্চম অনুচ্ছেদে উল্লিখিত চার্জ ও মূল্য সংযোজন কর দ্বিতীয় পক্ষ কর্তৃক পরিশোধ করা হইয়াছে। অত্র চুক্তি স্বাক্ষরের পর দ্বিতীয় পক্ষকে নুতনভাবে স্থাপিত প্রতিটি সাবইউজারের জন্য বার্ষিক চার্জ, বার্ষিক সাবইউজার নবায়ন চার্জ এবং প্রতিটি তথ্য প্রতিবার যাচাইয়ের জন্য যাচাইকরণ চার্জ প্রদান করিতে হইবে। দ্বিতীয় পক্ষ কর্তৃক প্রদেয় সকল চার্জ অফেরতযোগ্য হিসাবে গণ্য হইবে।

(খ) দ্বিতীয় পক্ষ কর্তৃক প্রথম ৭০ (সত্তরটি) সাবইউজার প্রতিটির জন্য টাকা ৪,০০০.০০ (চার হাজার) এবং প্রথম ৭০ (সত্তর)টির পরবর্তী প্রতিটি সাবইউজারের জন্য টাকা ২,০০০.০০ (দুই হাজার) হারে নুতনভাবে স্থাপিত প্রতিটি সাবইউজারের জন্য প্রথম বৎসরের জন্য বার্ষিক সাবইউজার চার্জ এবং প্রযোজ্য সমুদয় বার্ষিক সাবইউজার নবায়ন চার্জ প্রদান করিতে হইবে। দ্বিতীয় পক্ষ কর্তৃক বৎসরের যে কোনো সময়ে নুতন সাবইউজার স্থাপনের প্রয়োজন হইলে প্রযোজ্য সাবইউজার চার্জ পরিশোধ করিয়া কমিশনকে লিখিতভাবে অবহিত করিবার পর প্রয়োজনীয় সংযোগ স্থাপন করা যাইবে। তবে বৎসরের যে কোনো সময়ে সাবইউজার স্থাপন করা হইলেও চলমান বৎসরকে উক্ত সাবইউজার স্থাপনের বৎসর বলিয়া গণ্য করিতে হইবে। দ্বিতীয় পক্ষকে পূর্ববর্তী বৎসর সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পরবর্তী বৎসরের বার্ষিক সাবইউজার নবায়ন চার্জ প্রদান করিতে হইবে।

(গ) দ্বিতীয় পক্ষ কর্তৃক প্রতিটি তথ্য প্রতিবার যাচাইয়ের জন্য টাকা ২.০০ (দুই) হারে জাতীয় পরিচয়পত্র যাচাইকরণ চার্জ ধার্য করিয়া কমিশন প্রতি মাসের জন্য প্রযোজ্য চার্জ পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে দ্বিতীয় পক্ষকে স্বয়ংক্রিয় পদ্ধতিতে মাসিক বিল আকারে প্রেরণ করিবে এবং বিল প্রেরণের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট বিলে উল্লিখিত সমুদয় টাকা দ্বিতীয় পক্ষ কর্তৃক কমিশনের নির্ধারিত একাউন্টে জমা প্রদান করিতে হইবে।

(ঘ) অনুচ্ছেদ ৩(গ) তে উল্লিখিত মাসিক বিল নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হইলে, দ্বিতীয় পক্ষ বিলম্ব চার্জ প্রদান সাপেক্ষে পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উক্ত বিল পরিশোধ করিবে এবং এইরূপ ক্ষেত্রে প্রতিদিন বিলম্বের জন্য মোট বিলের ০.৫০% হারে বিলম্ব চার্জ প্রযোজ্য হইবে।

(ঙ) অত্র অনুচ্ছেদে বর্ণিত দ্বিতীয় পক্ষের মোট সাবইউজার সংখ্যা এবং নুতনভাবে স্থাপিত সাবইউজার স্থাপনের সময় নিরূপণে উভয়পক্ষের হিসাব একইরূপ না হইলে কমিশনের গেইটওয়ে সার্ভারে প্রদর্শিত দ্বিতীয় পক্ষের সাবইউজার সংখ্যা ও স্থাপনের সময়কে চূড়ান্ত বলিয়া গণ্য করিতে হইবে। অনুরূপভাবে অত্র অনুচ্ছেদে বর্ণিত যাচাইকরণ চার্জ এর ক্ষেত্রে, কমিশন কর্তৃক হিসাবকৃত সংখ্যা দ্বিতীয় পক্ষ কর্তৃক হিসাবকৃত সংখ্যার সহিত অমিল হইলে কমিশনের গেইটওয়ে সার্ভারে প্রদর্শিত সংখ্যাই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(চ) দ্বিতীয় পক্ষ কর্তৃক অত্র অনুচ্ছেদে বর্ণিত সকল চার্জ নির্ধারিত হিসাব কোড "১-০৬০১-০০০১-১৮৪৭-জাতীয় পরিচয়পত্র ফি"-এ ট্রেজারি চালানের মাধ্যমে অথবা "সচিব, নির্বাচন কমিশন সচিবালয়" এর অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে। দ্বিতীয় পক্ষ কর্তৃক অত্র অনুচ্ছেদে বর্ণিত এককালীন নিবন্ধন চার্জ, প্রথম বৎসরের বার্ষিক সাবইউজার চার্জ, বার্ষিক সাবইউজার নবায়ন চার্জ, যাচাইকরণ চার্জ ও বিলম্ব চার্জ এর উপর প্রচলিত হারে প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধ করিতে হইবে। মূল্য সংযোজন কর হিসাব কোড "১-১১৩৩-০০৩৫-০৩১১"-এ ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করিতে হইবে। উক্ত চার্জ ও মূল্য সংযোজন কর পরিশোধকরতঃ বিষয়টি লিখিতভাবে উল্লেখপূর্বক ট্রেজারি চালান/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি কমিশনে দাখিল করিতে হইবে।

(ছ) অত্র অনুচ্ছেদে উল্লিখিত বৎসর বলিতে অত্র চুক্তি স্বাক্ষরের তারিখ হইতে পরবর্তী বৎসরের একই তারিখ পর্যন্ত সময়কালকে বুঝাইবে, মাস বলিতে উক্ত সময়কালের অন্তর্ভুক্ত মাসকে বুঝাইবে এবং সাবইউজার বলিতে কমিশন কর্তৃক প্রদত্ত ইন্টারফেইসের মাধ্যমে দ্বিতীয় পক্ষ কর্তৃক উহার নিজস্ব অফিসসমূহে স্থাপিত প্রতিটি তথ্য যাচাই ইউনিটকে বুঝাইবে যাহার সংখ্যা কমিশনের গেইটওয়ে সার্ভারে প্রদর্শিত হইবে।

<u>অনুচ্ছেদ ৪: চুক্তি বাতিলকরণ, জাতীয় পরিচয়পত্র যাচাইকরণ সুবিধা স্থগিতকরণ, ইত্যাদি</u>।—

(ক) দ্বিতীয় পক্ষ কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইয়ের সুবিধা গ্রহণে কোন শর্ত লঙ্ঘিত হইলে, কমিশন দ্বিতীয় পক্ষকে কেন এই চুক্তি বাতিল করা হইবে না তাহার কারণ দর্শানোর জন্য লিখিত নোটিশ প্রদান করিবে এবং নির্ধারিত সময়ের মধ্যে দ্বিতীয় পক্ষ সন্তোষজনক জবাব দানে ব্যর্থ হইলে, কমিশন অত্র চুক্তি বাতিল করিতে পারিবে।

(খ) অনুচ্ছেদ ৪(ক) তে বর্ণিত কারণ দর্শানোর নোটিশ প্রদানের সময় কমিশন, যথাযথ বিবেচনা করিলে, দ্বিতীয় পক্ষের সংযোগ সাময়িকভাবে অকার্যকর করিতে পারিবে।

(গ) দ্বিতীয় পক্ষ কর্তৃক অনুচ্ছেদ ৩ এ বর্ণিত মূল্য সংযোজন করসহ প্রযোজ্য চার্জসমূহ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ না করা হইলে, কমিশন দ্বিতীয় পক্ষের জাতীয় পরিচয়পত্র যাচাইকরণ সুবিধা স্হগিত করিবে।

(ঘ) দ্বিতীয় পক্ষ জাতীয় পরিচয়পত্রের তথ্য-উপাত্ত যাচাইকরণ সুবিধা সাময়িকভাবে স্থগিত করিবার অভিপ্রায়ে লিখিতভাবে উহা অবহিত করিলে কমিশনের অনুমোদন সাপেক্ষে উহা স্থগিত হইবে।

(ঙ) কমিশন নিজস্ব তথ্য-উপাত্ত রক্ষণাবেক্ষণের স্বার্থে দ্বিতীয় পক্ষকে কমপক্ষে ৯০ (নব্বই) দিনের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে অত্র চুক্তি বাতিল করিতে পারিবে। দ্বিতীয় পক্ষ কমিশন বরাবর কমপক্ষে ৯০ (নব্বই) দিনের লিখিত নোটিশ প্রদানপূর্বক অত্র চুক্তি বাতিল করিতে পারিবে। চুক্তি বাতিলের কারণে দ্বিতীয় পক্ষ কর্তৃক স্থাপিত লিংক ও আইসিটি সরঞ্জাম স্থাপন ব্যয় কিংবা উহার অংশ বিশেষ ফেরত পাইবার অধিকারী হইবে না কিংবা বকেয়া চার্জ পরিশোধের দায় হইতে মুক্ত হইবেনা।

<u>অনুচ্ছেদ ৫: সেবা প্রাপ্তিতে বিড়ম্বনা এবং প্রতিকার</u>।-

দ্বিতীয় পক্ষ যাহাতে নিরবচ্ছিন্নভাবে জাতীয় পরিচয়পত্রের তথ্য যাচাই করিতে পারে, সেই লক্ষ্যে কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। কোন কারণে সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন হইলে তাহা অতি দ্রুত কমিশনকে অবহিত করিতে হইবে। কমিশনকে অবহিত করিবার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে কমিশন উহার প্রতিকার করিবে। কমিশন বারবার উক্ত প্রতিকারে ব্যর্থ হইলে, দ্বিতীয় পক্ষ, অনুচ্ছেদ ৪(ঙ) অনুসারে কমিশনকে ৯০ (নব্বই) দিনের লিখিত নোটিশ প্রদানপূর্বক অত্র চুক্তি বাতিল করিতে পারিবে।

<u>অনুচ্ছেদ ৬: চুক্তিপত্রের কার্যকরতা ও মেয়াদ</u>।-

অত্র চুক্তিপত্রটি স্বাক্ষরের তারিখ হইতে কার্যকর হইবে এবং প্রাথমিকভাবে মেয়াদ হইবে চুক্তি স্বাক্ষরের তারিখ হইতে ০১ (এক) বৎসর। প্রাথমিক মেয়াদান্তে এই চুক্তি প্রতি ০১ (এক) বৎসরের জন্য ০১ (এক) বৎসর পরপর অর্থাৎ প্রতিবছর অনুরূপ একই শর্তানুসারে বা শর্তাবলীর সংশোধনপূর্বক নবায়ন যোগ্য হইবে।

২০৫

অনুচ্ছেদ ৭: বিবিধ।-

(ক) অত্র চুক্তিপত্র অনুসরণের ক্ষেত্রে "জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০" এবং উহার অধীন প্রণীত বিধি ও প্রবিধান এবং উহাদের সংশোধনী চুক্তি সংশ্লিষ্ট পক্ষদ্বয়ের জন্য বাধ্যতামূলকভাবে অনুসরণীয় হইবে।

(খ) এই চুক্তিপত্রের অধীন জাতীয় পরিচয়পত্রের তথ্য-উপাত্ত যাচাই এর জন্য আইটি সিস্টেম ব্যবহার, আইপি ঠিকানার ব্যবহার, তথ্য-উপাত্তের গোপনীয়তা রক্ষাসহ প্রযুক্তিগত, আর্থিক ও প্রশাসনিক বিষয়ে কোন ব্যত্যয় ঘটিলে তাহা বাংলাদেশে প্রচলিত সংশ্লিষ্ট আইন-কানুন বা আইনি কাঠামোর আওতাভুক্ত হইবে।

(গ) অত্র চুক্তিপত্রের কোন শর্ত ব্যাখ্যায় চুক্তি সংশ্লিষ্ট পক্ষদ্বয়ের মধ্যে কোন মতদ্বৈততা বা বিরোধ দেখা দিলে, তাহা যথাসম্ভব আলাপ আলোচনার মাধ্যমে মীমাংসা করা হইবে। এইরূপ মীমাংসার প্রচেষ্টা ব্যর্থ হইলে, "সালিশ আইন, ২০০১" (২০০১ সনের ১ নং আইন) অনুসারে সালিশের মাধ্যমে উহা নিষ্পন্ন করা হইবে।

কমিশনের পক্ষে স্বাক্ষরকারী

সৈয়দ মোহাম্মদ মুসা
পরিচালক (অপারেশন্স)
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ
নির্বাচন কমিশন সচিবালয়
জাতীয় পরিচিতি নম্বরঃ ১৯৫৭৮১৯২২১৫২৪০০৯১

দ্বিতীয় পক্ষের পক্ষে স্বাক্ষরকারী

মোঃ তোফাজ্জল হোসেন
উপ-নিয়ন্ত্রক (উপ-সচিব)
আইসিটি, সিসিএ কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
জাতীয় পরিচিতি নম্বরঃ ১৯৬৬৫৫১৮৫১১৪৮৪০০১

কমিশনের পক্ষে সাক্ষীগণের স্বাক্ষর

১। মোঃ ইলিয়াস ভূইয়া
(উপ-সচিব)
উপ-প্রকল্প পরিচালক (অর্থ ও প্রশাসন)
আইডিইএ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়
জাতীয় পরিচিতি নম্বরঃ ২৬১৯৫৫১৮৯০৪৮০

২। মোঃ আনোয়ার হোসেন
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ
নির্বাচন কমিশন সচিবালয়
জাতীয় পরিচিতি নম্বরঃ ৫১১৪৩৯০২২৮৯৫৫

দ্বিতীয় পক্ষের সাক্ষীগণের স্বাক্ষর

১। মোঃ কামরুজ্জামান
সহকারী নিয়ন্ত্রক (সিনিয়র সহকারী সচিব))
আইন এবং ওয়েব প্রশাসন, সিসিএ কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
জাতীয় পরিচিতি নম্বরঃ ১৯৬৯৮৭১২৫৬৩৬০৬৭৯৬

২। জিয়াউদ্দিন আহমেদ
সহকারী নিয়ন্ত্রক (সিনিয়র সহকারী সচিব))
প্রশাসন ও অর্থ, সিসিএ কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
জাতীয় পরিচিতি নম্বরঃ ১৯৭৩৯০১৩৩২৭০০০০০২